



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন

ই-৬/সি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

www.sec.gov.bd



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী যথাযথ মর্যাদায় উদযাপনে গৃহীত কর্মসূচিঃ

- মুজিববর্ষের স্লোগানঃ "মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"
- ১৭ই মার্চ, ২০২০ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকীতে কমিশন ভবনে জাতীয় পতাকা উত্তোলন এবং ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন।
- বিনিয়োগকারীদের জন্য পুঁজিবাজার সংক্রান্ত সকল তথ্য সমৃদ্ধ "Bangabandhu Investor Information Platform" চালুকরণ।
- কমিশন কর্তৃক "বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদযাপন" এর উদ্বোধনী অনুষ্ঠান এবং বঙ্গবন্ধুর বর্ণাঢ্য জীবনের উপর সেমিনার আয়োজন।
- কমিশন ভবন সুসজ্জিত করণ ও ১৭ই মার্চ, ২০২০ইং থেকে ৩১শে মার্চ, ২০২০ পর্যন্ত আলোকসজ্জা।
- কমিশনের সকল কর্মচারীর অংশগ্রহণে টুঙ্গিপাড়া পরিদর্শন, বঙ্গবন্ধুর সমাধিতে শ্রদ্ধা নিবেদন, বৃক্ষরোপণ এবং স্কুল শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণ।
- কমিশনে কর্মরত সকল শ্রেণীর কর্মচারীর সন্তানদের জন্য বঙ্গবন্ধু মেধাবৃত্তি প্রচলন।
- সিকিউরিটিজ কমিশন ভবনে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন ও কক্ষ সংলগ্ন দেয়ালে বঙ্গবন্ধুর ছবি, ভিডিও, পোস্টার/ব্যানার প্রদর্শন ও মেইনগেইট সংলগ্ন উভয় পাশের দেয়ালে টেরাকোটা স্থাপন।
- সিকিউরিটিজ কমিশন ভবনে বঙ্গবন্ধুর প্রতিকৃতি এবং প্রতিকৃতি সংলগ্ন স্থানে "বঙ্গবন্ধু শ্যামলীমা" স্থাপন।
- সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি প্রাপ্তি সাপেক্ষে রাজধানীর কোন একটি সড়কদ্বীপে বঙ্গবন্ধু স্মারক নির্মাণ।
- বিনিয়োগকারীদের জন্য "Customer Complaint Address Module (CCAM)" এ মুজিববর্ষের লোগো ও স্লোগান এবং এতদসংক্রান্ত পরিসংখ্যান অন্তর্ভুক্তি।
- কমিশনের "বিনিয়োগ শিক্ষা" কর্মসূচিতে বঙ্গবন্ধুর অর্থনৈতিক ভাবনা অন্তর্ভুক্তি।
- পুঁজিবাজারের সকল অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠান, মুজিববর্ষ উদযাপনে তাঁদের স্ব-স্ব প্রতিষ্ঠানের পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ।
- বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ পালন করার পাশাপাশি একই সাথে মুজিববর্ষ উপলক্ষে পুঁজিবাজারের সকল অংশীজনের অংশগ্রহণে সেবা সপ্তাহ পালন।
- পুঁজিবাজারের সকল অংশীজনের অংশগ্রহণে চাকরি মেলা (Job Fair) আয়োজন।
- Bangladesh Academy for Securities Markets (BASM) কর্তৃক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে বঙ্গবন্ধুর বর্ণাঢ্য জীবন ও কর্মের উপর কুইজ, রচনা প্রতিযোগিতাসহ অলিম্পিয়াড আয়োজন।
- বাজার অংশীজনের নিয়ে সিম্পোজিয়াম আয়োজন।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে শিক্ষার্থীদের মাঝে বঙ্গবন্ধুর উপর রচিত বই বিতরণ।
- কমিশনের ওয়েবসাইট, ইমেইল এবং যাবতীয় পত্র যোগাযোগে (মুজিব বর্ষ, ১৭ মার্চ ২০২০-১৭ মার্চ ২০২১) মুজিববর্ষের লোগো ও স্লোগান ব্যবহার এবং কমিশনের ওয়েবসাইটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকীর ক্ষণ গণনা প্রদর্শন এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্য প্রকাশ।
- দাপ্তরিক কাজে ব্যবহৃত নোট প্যাড, খাম ও কলমে মুজিববর্ষ ও কমিশনের সম্মিলিত লোগো ও স্লোগান ব্যবহার এবং মুজিববর্ষ ও কমিশনের সম্মিলিত লোগো ও স্লোগান সম্বলিত স্টিকার বিভিন্ন কাজে ও কমিশন ভবনে ব্যবহার।
- কমিশনের কর্মচারীদের পরিবার ও সন্তানদের অংশগ্রহণে বঙ্গবন্ধুর উপর নির্মিত চলচ্চিত্র প্রদর্শন, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, এবং কর্মচারীদের সন্তানদের মাঝে বই বিতরণ।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে রক্তদান কর্মসূচি আয়োজন।
- নিয়মিত ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকান্ড আয়োজনের লক্ষ্যে কমিশন ভবনে বঙ্গবন্ধু ক্রীড়া ও সাংস্কৃতিক কেন্দ্র নির্মাণ।
- বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদযাপন উপলক্ষে কমিশন ভবনের যাবতীয় পরিষ্কার পরিচ্ছন্নতা, সবুজায়ন এবং কীটপতঙ্গ নিয়ন্ত্রন।

"মুজিববর্ষের অঙ্গীকার

উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার"